দামুড়হুদা ডুগডুগী সংখ্যালঘু সম্প্রদায়ের সাথে আলোচনা ও মতবিনিময় সভা

দেশের চলমান অস্থিতিশীল পরিবেশে সংখালঘুদের নিরাপদে রাখতে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন বিএনপি’র আয়জনে ডুগডুগি গ্রামে সংখ্যালঘু সম্প্রদায়ের সাথে আলোচনা ও মতবিনিময় সভায় সৌজন্য সাক্ষাৎ করলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

গতকাল শুক্রবার রাত ৮টার দিকে ডুগডুগি পূজা মন্ডপ চত্বরে সমস্ত হিন্দু সম্প্রদায়ের মানুষের সাথে আলোচনা ও মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমরা গনতন্ত্র চাই, কিন্তু সেই গনতন্ত্র ছিলনা বলেই তার জের ধরে শেখ হাসিনার পদত্যাগের করনে দেশের মানুষ স্বস্তিতে নিঃস্বাস নিচ্ছে। বর্তমান দেশের চলমান পরিস্থিতিতে সংখ্যালঘুদের নিরাপদে রাখতে আমাদের কেন্দ্রীয় নির্দেশনা রয়েছে। কেউ যেনো বর্তমান পরিস্থিতিতে আপনাদের যেনো কোন রকম কোন অসুবিধা না হয়, সেদিকটা আমরা বিএনপি গুরুত্ব দিয়ে আপনাদের সাথে আছি। আপনারা কোন ভয় পাবেনা। আপনাদের জন্য আমরা সব সময় আছি। কোন সমস্যা মনে হলে আমাদের জানাবেন। হিন্দু পারার রাস্তার নাজেহাল অবস্থা দেখে তিনি বলেন, যদি আমর সরকার কখনো ক্ষমতায় আসে তাহলে আমি এই হিন্দু পারায় পিচ রাস্তা করে দেবো ইনশাআল্লাহ। ১৭/১৮ বছর আগে এই হিন্দু পারায় রাস্তা হয়েছিল। তা আর নতুন হয়নি। আমার সরকার ক্ষমতায় আসলে নতুন হবে। আপনারা কেউ হতাস, নিরাশ ভয় ভীতি পোষণ করবেন না। মনখুলে চলবেন। মনে রাখবেন এদেশে আপনার আমার আমাদের সকলের।

হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলীর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, হাউলী ইউনিয়ন বিএনপির সাবেক সিনিয়র সহসভাপতি সলেমান মল্লিক, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সাংগঠনিক সম্পাদক টুটুল, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক জাকির হোসেন, দামুড়হুদা

উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, উপজেলা যুবদলের সদস্য ইজাজুল, শওকত, যুবদল নেতা ইমতিয়াজ, দামুড়হুদা উপজেলা ছাত্র দলের সাবেক সভাপতি সজল আহাম্মেদ।

দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য মমিনুল ইসলাম মমিন এর মনোমুগ্ধকর সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন হাউলী ইউনিয়ন যুবদলের অন্যতম নেতা আরিফুল ইসলাম আরিফ।

এ ছাড়াও আরও উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন ৪নং ওয়ার্ড বিএনপির সহসভাপতি মতিয়ার রহমান মতি, সাধারণ সম্পাদক মিন্টু, ৫নং ওয়ার্ড বিএনপির সভাপতি তরিকুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মহাসিন আলী, ৬নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রসিদ, হাউলী ইউনিয়ন বিএনপির কৃষক দলের সাংগঠনিক সম্পাদক আমিরুল জোয়ার্দার। হাউলী ইউনিয়ন ছাত্র দলের সাংগঠনিক সম্পাদক ফারুক মল্লিক।

এছাড়াও উপস্থিত ছিলেন, ডুগডুগি পূজা মন্ডপের সভাপতি শ্রী শ্যামল ঘোষ, সাধারণ সম্পাদক শ্রী সুমন হালদার। উপস্থিত ছিলেন, শ্রী গোবিন্দ হালদার, শ্রী আনন্দ ঘোষ, শ্রী মদন ঘোষ, শ্রী শ্যাম ঘোষ। স্থানীয় ডুগডুগি বিএনপির শুকুর আলী, নবাবু, শামীম, আতিয়ার, হিরো, মানিক, আলী কদর, সোহেল,জীবন সহ স্থানীয় বিএনপি, যুবদল, ছাত্রদল, স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

আলমডাঙ্গায় বিএনপির অঙ্গসংগঠনের নেতাকর্মীদের মতবিনিময় ও আলোচনা সভা

আলমডাঙ্গা উপজেলার খাসকররা ইউনিয়ন বিএনপি ও তার অঙ্গসংগঠনের নেতাকর্মীদের উদ্যোগে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকেলে খাসকররা মাধ্যমিক হাইস্কুলে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খাসকররা ইউনিয়ন

বিএনপির সভাপতি আব্দুর রশিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক রাজা, সহ- সভাপতি আব্দুস সাত্তার, সহ-সাধারণ সম্পাদক মোঃ পিন্টু কাজী, সাংগঠনিক সম্পাদক আব্দুল মান্নান মাস্টার, সাংগঠনিক সম্পাদক ফরিদুল ইসলামসহ আরও অনেকে উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, সহিংসতাকে পরিহার করুন। যারা ভাঙচুর ও লুটপাট করছে এরা কেউ বিএনপির কেউ না। যদি কেউ এধরণের কাজের সাথে লিপ্ত থাকে তবে তার বিরুদ্ধে সাংগঠনিক ভাবে ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও নেতা আরো বলেন, আমাদের এলাকায় যারা সংখ্যালঘু পরিবার বসবাস করে, তাদের পরিবারগুলোকে রক্ষায় সবাইকে সজাগ থাকতে হবে। কেউ যদি তাদের উপরে কোন ধরণের অত্যাচার করে তাদের নিজ হাতে প্রতিহত করতে হবে।

দর্শনায় বৈষম্য বিরোধী আন্দোলনে নিহত শহীদ ছাত্র-ছাত্রীর জন্য দোয়া অনুষ্টিত

বৈষম্য বিরোধী আন্দোলনে নিহত শহীদ ছাত্র/ছাত্রীর জন্য দোয়া অনুষ্টিত দর্শনা পৌরসভার সকল মসজিদে। আজ শুক্রবার জুম্মার নামাজ শেষে দর্শনা পৌরসভা এলাকায় সকল মসজিদে মসজিদে বৈষম্য বিরোধী আন্দোলনে নিহত শহীদ ছাত্র/ছাত্রীর জন্য দোয়া অনুষ্ঠান ও বিশৃ্খংলা থেকে বিরত থাকার আহবান জানানো হয়।

এছাড়া দর্শনা পৌর বিএনপির উদ্যোগে মসজিদে আসা মুসুর্ল্লীদের উদ্যোশে বলা হয় কেউ কোথাও বিশৃঙ্খলা ও জন-সাধারণের জানমাল বিনষ্ট করা বা ব্যবসা প্রতিষ্ঠানে হামলা করা না হয়।

দর্শনা পরানপুর মসজিদে দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বকারী হাবিবুর রহমান বুলেট উপস্থিত থেকে সকল গার্জিয়ানকে সর্তক করে বলেন, আপনাদের সন্তানদেরকে বলবেন কেউ যদি জন-সাধারণের শান্তি নষ্ট বা কোথাও হামলা করে তাহলে আমরা তাকে ধরে আইন প্রয়োগকারী

সংস্থার কাছে সোর্পদ করবো। এছাড়া প্রতিটি পৌর এলাকার মসজিদে মসজিদে এ সর্তক করা হয় বলে জানা গেছে। এদিকে দর্শনা থানাধীন তিতুদহ ইউনিয়নে আওয়ামীলীগের অফিস কক্ষে আগুন দেওয়া দর্শনা বাস স্ট্যান্ডে শালিস বৈঠক করে সকলকে সর্তক করেন। এবং বলেন আর যদি কোন প্রকার জ্বালাও পোড়াও করা হয় তাহলে তার বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেওয়া ও গ্রহন করা হবে। এ থেকে কেউ রেহায় পাবে না বলে কঠিন সতর্কবার্তা দেওয়া হয়েছে। শালিস বৈঠকে উপস্থিত ছিলেন, দর্শনা থানা বিএনপির সভাপতি ও সাবেক পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের চেয়ারম্যন খাজা আবুল হাসনাত, দর্শনা থানা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক বেগমপুর ইউনিয়নের চেয়ারম্যন আহম্মদ আলী, দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়াক হাবিবুর রহমান বুলেট, দর্শনা পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মহিউদ্দিন, পৌর সমন্বকারী সদস্য জালাল উদ্দিন লিটন ও জালাল উদ্দিন।

দর্শনা বাসস্ট্যান্ডে ট্রাফিকের দায়িত্ব পালন করছেন বিএনসিসি

দর্শনা বাসস্ট্যান্ড ট্রাফিক আইল্যান্ড চৌরাস্তায় দায়িত্ব পালন করছে দর্শনা সরকারী কলেজের বিএনসিসির সদস্যরা।

আজ শুক্রবার সকাল সাড়ে ৮টা থেকে বি এন সি সি সদস্যরা দেশের এই সংকটময় সময় নিজেরাই ট্রফিকের দায়িত্ব নিয়ে কাজ করছে। বিএনসিসির প্রেট্রো লিডার মাহফুজ উদ্দিনের নেত্রীত্বে বিএনসিসির সদস্য মাসুদ রানা, সাব্বির হোসেন, আব্দুল্লাহ, খালিদ হাসান, মুন্না ও জিহাদ হোসেন সহযোগী হিসাবে দায়িত্ব পালন করছে।

সকাল ১১টার দিকে হঠাৎ করে বেশ কিছু অনিয়মিত আনছার সদস্য তাদের সাথে যোগ দিয়ে মহা সড়কে নির্বিঘ্নে গাড়ী চলাচলে পথচারীদের সহযোগিতা করতে দেখা যায়। তাদের কর্মকাণ্ড দেখে গাড়ি চালকরা তাদের সাধুবাদ জানায়। ভাল সব কাজে ছাত্ররা পাশে থেকে দেশটাকে নতুন করে গড়ে তুলতে সহযোগিতা করবে। আর কোনো সংঘাত চাই না। চাই

শান্তি রক্ষা। এবার দেশটাকে নতুন ভাবে সাঝাবে সাধারণ ছাত্ররা। আর এখন শহরের পুলিশ না থাকাতে আমরা ছাত্ররা মিলে ও অন্যানরা সহ সবাই মিলে শহরের শৃঙ্খলা ফেরানোর জন্য কাজ করছি। শহরটাকে পরিস্কার পরিছন্ন ও সু-শৃঙ্খল ট্রাফিক নিয়ন্ত্রণ করবে। আমাদের এই কর্মসূচি অব্যাহত থাকবে ।

চুয়াডাঙ্গায় সড়ক নিরাপত্তার দায়িত্বে সাধারণ শিক্ষার্থীরা রোভার বিএনসিসি

চুয়াডাঙ্গা সড়ক শৃংখলা ফেরাতে ট্রাফিকের দায়িত্ব নিয়েছেন সাধারণ শিক্ষার্থীরা । আজ বৃহস্পতিবার (৮ আগস্ট) সকাল থেকে ছাত্ররা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে অবস্থান নিয়ে যান চলাচলে সহযোগিতা করে। ছাত্রদের এ উদ্যোগে পাশে দাড়িয়েছেন রোভার স্কাউটস বিএনসিসি, ফায়ার সার্ভিস ও আনসার বাহিনীর সদস্যরা।

সকাল থেকে ছাত্ররা চুয়াডাঙ্গার শহীদ হাসান চত্বর, কোর্ট চত্বর, একাডেমি মোড়, রেলগেইট সহ শহরের বিভিন্ন স্থানে ট্রাফিকের দায়িত্ব পালন করেন।

এসময় ছাত্ররা সাধারণ মানুষের চলাচলে রাস্তা পারাপারে সাহায্য করে। শহরের বিভিন্ন গাড়ি চলাচলে যানজট নিরোসনে কাজ করে। এছাড়া সড়কে চলার পথে পথচারি ও গাড়ি চালকরা অসুস্থ হয়ে পড়লে সেজন্য ছাত্ররা ঠান্ডা কোমল পানি, বিস্কুট ও বিভিন্ন রকমের পুষ্টিকর ফলের আয়োজন করেন চলাচলকারিদের জন্য।

এসময় কথা হয় চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের সিনিয়র রোভার মেট আল মুতাকাব্বির সাকিব বলেন, ভাল সব কাজে ছাত্ররা পাশে থেকে দেশটাকে নতুন করে গড়ে তুলতে সহযোগিতা করবে। আর কোনো সংঘাত চাই না। চাই শান্তি রক্ষা। এবার দেশটাকে নতুন ভাবে সাঝাবে সাধারণ ছাত্ররা। আর এখন শহরের পুলিশ না থাকাতে আমরা ছাত্ররা মিলে ও অন্যানরা সহ সবাই মিলে শহরের শৃঙ্খলা ফেরানোর

জন্য কাজ করছি। শহরটাকে পরিস্কার পরিছন্ন ও সু-শৃঙ্খল ট্রাফিক নিয়ন্ত্রণ করবে। আমাদের এই কর্মসূচি অব্যাহত থাকবে ।

দর্শনা শহর পরিস্কারে মাঠে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ছাত্র-ছাত্রীরা

দর্শনায় স্বৈরচার শেখ হাসিনার পতনের পর দুর্বৃত্তরা দর্শনা শহরের সড়কে অগ্নি-সংযোগ ও ভাংচুর করেন। গতকাল সকাল ১০টায় দর্শনা মুজিবনগর সড়কে ভাংচুর ও অগ্নি সংযোগের চিহ্ন পরিস্কার করতে উদ্যোগ নেয় বৈষম বিরোধী ছাত্র আন্দোলনের ছাত্র ও ছাত্রীরা।

সকালে দর্শনা সড়কের আকাশ টাওয়ারের সামনে, পূবার্শা কাউন্টার, দর্শনা পুরাতন বাজার ও দর্শনা থানার সামনে সড়ক পরিস্কার করে। বৈষম বিরোধী ছাত্র আন্দেলনের সমন্বায়ক আবিদ হাসান রিফাত, সাদমান সাকিব ও অনিকের নেত্রীত্বে লিন্জা, মিতু, মোহিনী, শান্ত, ইসমাইল, তপু, সোহন, ইমন ও কাফি।

এসময় আবিদ হাসান রিফাত বলেন, আমরা কোটা আনন্দোলনে সাথে যেমন ছিলাম তেমনী দেশের সকল জরুরী সময় দেশের মানুষের পাশে থেকে কাজ করে যাবো। এসময় তাদের পাশে থেকে সহযোগিতা করেন, সাংবাদিক মাসুম বিল্লাহ, আওয়াল হোসেন, ইকরামুল হক পিপুল ও মাস্ক দিয়ে সহযোগিতা করেন শিক্ষক জুয়েল ও রাজা।

দামুড়হুদায় দলীয় নেতা-কর্মীদের

সাথে জেলা বিএনপি মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলার বিভিন্ন ইউনিটের দলীয় নেতা-কর্মীদের সাথে দেশের চলমান পরিস্থিতি নিয়ে গুরুত্বপূর্ণ মতবিনিময় সভা করেছেন চুয়াডাঙ্গা জেলা বিএনপি আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু। গতকাল বুধবার বিকেলে দামুড়হুদা উপজেলা বিএনপির কার্যালয়ে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা বিএনপির আয়োজনে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক মাহমুদ হাসান খান বাবু।

দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মো মনিরুজ্জামান মনিরের সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো রফিকুল হাসান তনু, সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য কামরুজ্জামান টুনু, সালমা জাহান পারুল।

দামুড়হুদা উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেমের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, স্বেচ্ছাসেবক দলের সভাপতি ইকরামুল হোসেন, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহবুবুর রহমান বাচ্চু, যুগ্ম আহবায়ক আরিফুল ইসলাম আরিফ, যুগ্ম আহবায়ক সেলিম উদ্দিন, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, উপজেলা যুবদল নেতা ফিরোজ হাসান মন্টু, মাহফুজুর রহমান জনি, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুর রহমান সবুজ, যুবদল, স্বেচ্ছাসেবক দল ছাত্রদল সহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দরা।

আলমডাঙ্গায় থানা নিরাপত্তা ও

ট্রাফিক নিয়ন্ত্রণের দায়িত্বে আনসার

চলমান অস্থিরতায় আলমডাঙ্গা থানা ও ট্রাফিক ব্যবস্থার নিরাপত্তায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীকে নিয়ন্ত্রণের দায়িত্ব দেয়া হয়েছে। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) থেকে গতকাল মঙ্গলবার পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কার্যালয় থেকে আজ বুধবার সকাল থেকে থানায় ও ট্রাফিকের দায়িত্বপালন করছেন ১৯ জন আনসার সদস্য। দেশের এ পরিস্থিতিতে, দায়িত্ব পালন করতে পারায় আনন্দিত আনসার বাহিনীরা। এতে স্বাভাবিক হতে চলেছে সাধারণ মানুষের জিবনযাপন। প্রথম পর্যায়ে আলমডাঙ্গা থানায় শিডিউল অনুযায়ী থানায় ১০ জন, পশু হাটে ৪ জন ও ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য ৫জনকে দায়িত্ব দেওয়া হয়েছে।

জানাগেছে, সম্প্রতি বাংলাদেশের সদ্য সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈষম্যবিরোধী আন্দোলনের কবলে পড়ে পদত্যাগ করে দেশ ছেড়ে পালিয়েছেন। তার দেশ ছেড়ে পালানোর পরপরই দেশজুড়ে ছাত্ররা উল্লাসে ভেসে ওঠেন। এরই একপর্যায়ে দুবৃত্তরা দেশের বিভিন্ন এলাকায় ভাঙচুর ও অগ্নিসংযোগ করেন। এরই ধারাবাহিকতায় আলমডাঙ্গাতেও উপজেলা আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগ করেন। এছাড়া এ উপজেলার প্রায় ১৫ টি ইউনিয়ন আওয়ামীলীগ ও যুবলীগের অফিস ভাঙচুর ও অগ্নিসংযোগ করে। এতে হামলা চালানো হয় আওয়ামীলীগের বিভিন্ন নেতাকমীদের বসতবাড়িতে। হামলা থেকে বাঁচার তাগিদে পালিয়ে রয়েছে আওয়ামীলীগের হাজারো নেতাকমী।

এদিকে, আলমডাঙ্গা উপজেলার ১২ টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানরাও আওয়ামীলীগের সভাপতি কিংবা সেক্রেটারি দায়িত্ব পালন করতেন। তাঁরা পরিবার ছেড়ে আত্নগোপনে চলে যাওয়ায় ইউনিয়ন পরিষদের কার্যক্রম বন্ধরয়েছে। এতে ভোগান্তি বেড়েছে সাধারণ মানুষের । জন্মনিবন্ধন ও নাগরিক সনদ মিলছে না ইউনিয়ন পরিষদে।

এ বিষয়ে আলমডাঙ্গা উপজেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কর্মকর্তা আজিজুল হাকিম জানান, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের নির্দেশে থানায় ও ট্রাফিকে আনসার সদস্য মোতায়েন করা হয়েছে।

পর্যায়ক্রমে আরও আনসার সদস্য মোতায়েন করা হবে।

দামুড়হুদা উপজেলা বিএনপি’র আয়োজনে বিজয় মিছিল অনুষ্ঠিত

দেশব্যাপী মানুষের উচ্ছাসের যেনো শেষ নেই। আওয়ামীলীগ সরকার পতন হওয়ায় দামুড়হুদা উপজেলা বিএনপি ও তার অঙ্গসংগঠনের আয়জনে বিশাল এক বিজয় মিছিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার সকাল ১১ টার দিকে দামুড়হুদা বিএনপি’র অস্থায়ী কার্যালয়ের সামনে থেকে মিছিলটি বের হয়ে দামুড়হুদার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

দামুড়হুদা উপজেলা বিএনপি’র সর্বস্তরের নেতাকর্মী ও অগণিত সাধারণ মানুষের বাঁধ ভাঙ্গা উল্লাসে বিজয় মিছিলে হাজার হাজার সাধারণ মানুষ অংশ গ্রহণ করে।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসান, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহবুবুর রহমান বাচ্চু, যুগ্ম আহবায়ক আরিফুল ইসলাম আরিফ, যুগ্ম আহবায়ক সেলিম উদ্দিন, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ন সাধারন সম্পাদক সেলিম উদ্দিন, যুবদল নেতা মাহফুজুর রহমান জনি, ছাত্রদলের সভাপতি আফজালুর রহমান সবুজ, সদস্য সচিব এম ডি কে সুলতান, স্বেচ্ছাসেবক দলের সভাপতি ইকরামুল হোসেন, সদস্য সচিব জাকির হোসেন ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, সাংগঠনিক সম্পাদক গোলাম কবির, বিএনপি নেতা জামাল, সোনা, আলিম মেম্বার হামিদ মেম্বার, বিল্লাল হোসেন আলিফ খান, দেলোয়ার হোসেন, আশরাফুল, আজাদ, জাহাঙ্গীর, বকুল, সেলিম উদ্দিন, হাউলী ইউনিয়ন যুবদলের অন্যতম নেতা আরিফুল ইসলাম সহ উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আসা বিএনপি যুবদল স্বেচ্ছাসেবক দল ছাত্রদল ও এলাকার সচেতন মহল বিজয় মিছিলে উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]